



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেডপিপল্‌স ডেমোক্রেটিকফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ১২ এপ্রিল ২০১৮

প্রেস বিজ্ঞপ্তি

বৈসাবি শুভেচ্ছা বার্তা উৎসবে অধিকার প্রতিষ্ঠার শপথ নেয়ার আহ্বান

পার্বত্য চট্টগ্রামবাসীর মহান ঐতিহ্যবাহী বৈসাবি (বৈসু-সাংগ্রাহী-বিবু) উৎসব উপলক্ষে আজ বৃহস্পতিবার ১২ এপ্রিল ২০১৮ সংবাদ মাধ্যমে প্রদত্ত এক বার্তায় ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)-এর সভাপতি প্রসিত খীসা পার্বত্য চট্টগ্রামসহ দেশের বিভিন্ন প্রান্তে অবস্থানরত পাহাড়ি ও প্রবাসী ভাইবোনদের বৈসাবি শুভেচ্ছা জানিয়েছেন। প্রদত্ত বার্তায় বলা হয়, পার্বত্য চট্টগ্রামের বিরূপ পরিস্থিতিতে শত দুঃখ-কষ্ট আর বেদনার মাঝেও বছরের শেষভাগে বৈসাবি উৎসব যাতে নিপীড়িত মানুষের জীবনে কিছুটা হলেও আনন্দ, নিরাপত্তা ও শান্তি বয়ে আনে, ইউপিডিএফ সে কামনা করে।

লংগদুবাসীর বৈসাবি বর্জন ক্ষমতাসীন সরকারের মুখে চপেটাঘাত বলে মন্তব্য করে ইউপিডিএফ নেতা বার্তায় বলেন, পার্বত্য চট্টগ্রাম পরিস্থিতির এটাই হচ্ছে বাস্তবচিত্র। যেখানে নিরাপত্তা বাহিনীই মানুষের নিরাপত্তার বড় হুমকি, লংগদু-লোগাঙ গণহত্যা- প্রত্যেকটি ঘটনায় বারে বারে তার প্রতিফলন ঘটেছে। নীল নক্সা মোতাবেক সেনা মদদে খুন-গুম-অপহরণ পার্বত্য চট্টগ্রামে নিত্যনৈমিত্তিক ঘটনায় পরিণত হয়েছে।

প্রদত্ত বার্তায় আরও বলা হয়, পরিহাসের বিষয় যাদের জন্য উৎসব, তারা র্যালি করতে পারে না। আর সরকার-সেনা উদ্যোগে লোকদেখানো বৈসাবি র্যালি সংগঠিত করে বিভ্রান্তি সৃষ্টির লক্ষ্যে প্রচার চালানো হচ্ছে।

পার্বত্য চট্টগ্রামে জনগণের অধিকার তথা পূর্ণস্বায়ত্তশাসন প্রতিষ্ঠিত না হওয়া পর্যন্ত প্রকৃত বৈসাবি উৎসব হবে না বলে ইউপিডিএফ নেতা মন্তব্য করেন। বার্তায় তিনি সকল ধরনের দমন-পীড়ন ও ষড়যন্ত্রের বিরুদ্ধে ঐক্যবদ্ধ হয়ে বৈসাবি উৎসবের দিনে অধিকার প্রতিষ্ঠার শপথ নিয়ে সম্মুখে এগুনের আহ্বান জানান।

উল্লেখ্য, আজ ১২ এপ্রিল রামগড়ে বিজিবির বাধার মুখে এলাকাবাসী বৈসাবি র্যালি বের করতে পারেনি। ১১ এপ্রিল নান্যাচরে সেনা মদদে দুর্বৃত্তদের হাতে ইউপিডিএফ কর্মী জনি তঞ্চঙ্গ্যা খুন হয়েছেন। ১৮ মার্চ হিল উইমেন্স ফেডারেশনের কেন্দ্রীয় সাধারণ সম্পাদক মন্টি চাকমা ও রাঙ্গামাটি জেলা সাধারণ সম্পাদক দয়াসোনা চাকমা অপহৃত হয়েছেন। পার্বত্য চট্টগ্রামে সর্বত্র নিরাপত্তা বাহিনীর হুমকিমূলক টহল অব্যাহত রয়েছে।

এ পরিস্থিতিতে বৈসাবি উৎসবে বিষাদের ছাপ পড়েছে। ইউপিডিএফ এবার সাধারণভাবে উৎসব পালনের সিদ্ধান্ত নিয়েছে এবং কর্মীবাহিনীকেও নির্দেশনা দিয়েছে।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।